Times Today BD

জিএম সিরাজ | রংপুর | 01 May, 2025

কুড়িগ্রামের রাজারহাট উপজেলায় জামায়াত নেতাকে কলিজা টানি ছিড়ে ফেলার হুমকির ঘটনায় অশালীন ও অবমাননাকর মন্তব্য করায় দলীয় শৃঙ্খলা অভিযোগে রাজারহাট উপজেলা বিএনপির আহ্বায়ক আনিছুর রহমানকে কারণ দর্শানো নোটিশ দিয়েছে জেলা বিএনপি। বৃহস্পতিবার (১ মে) জেলা বিএনপির সদস্য সচিব সোহেল হোসনাইন কায়কোবাদ স্বাক্ষরিত নোটিশে ২৪ ঘন্টার মধ্যে জবাব দিতে বলা হয়েছে।

বাংলাদেশ শ্রমিককল্যাণ ফেডারেশন রাজারহাট শাখার বায়তুলমাল সম্পাদক রুবেল মিয়াকে ‘কলিজা টানি ছিঁড়ি ফেলব’ বলে হুমকি দেন আনিছুর রহমান।সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে ৫২ সেকেন্ডের একটি ভিডিও ভাইরাল হয়।

ভিডিওতে রাজারহাট উপজেলা বিএনপির আহ্বায়ক আনিছুর রহমানকে বলতে শোনা যায়, ‘কলিজা টানি ছিঁড়ি ফেলব, একবারে টানি ছিঁড়ি ফেলব তোমার, চেনো তুমি, এ চেনো! খুব পাওয়ার দেখাও, একবারে নিশ্চিহ্ন করে দেব তোমাক, চেনো বিএনপিকে।

এদিকে এ ঘটনায় রাজারহাট থানায় লিখিত অভিযোগ করেছে বাংলাদেশ শ্রমিককল্যাণ ফেডারেশন রাজারহাট শাখার বায়তুলমাল সম্পাদক রুবেল মিয়া।

জেলা বিএনপির সদস্য সচিব সোহেল হোসনাইন কায়কোবাদ স্বাক্ষরিত ওই কারণ দর্শানর নোটিশে বলা হয়- ‘সাম্প্রতিক সময়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে আপনার একটি ভিডিও ছড়িয়ে পড়েছে।ভিডিওতে আপনি প্রকাশ্যে হুমকি প্রদান, অসংলগ্ন ও উত্তেজনাপূর্ণ ভাষায়

বক্তব্য প্রদান করছেন এবং একটি রাজনৈতিক দল সম্পর্কে অশালীন ও অবমাননাকর মন্তব্য করেছেন।ভিডিওতে ব্যবহৃত ভাষা এবং বক্তব্য সামগ্রিকভাবে দলীয় শৃঙ্খলা ও রাজনৈতিক সহনশীলতার পরিপন্থী।

এ কারণে আপনার বিরুদ্ধে কেন তাঁর বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা গ্রহন হবে না, তা পত্র প্রাপ্তির ২৪ ঘন্টার মধ্যে জবাব দেওয়ার জন্য বলা হল।

রুবেল মিয়া বলেন, কয়েকদিন আগে একটি বিল ইজারা নিয়ে এসিল্যান্ড অফিসে বিএনপির লোকজন অন্যদের টেন্ডার ফেলতে দেয়নি।আমি তার প্রতিবাদ করেছিলাম।এরপরে উপজেলার চান্দামারী দ্বিমুখী উচ্চবিদ্যালয়ের ম্যানেজিং কমিটি নিয়ে অভিভাবক সমাবেশে বিদ্যালয় সভাপতি পদ নিয়ে বাকবিতণ্ডা হয়।

এরই জেরে বিকেলে থানামোড়ে আমায় ডেকে নিয়ে আনিছুর রহমানের নেতৃত্বে কয়েকজন আমাকে চড়থাপ্পড় মারেন, লাঞ্চিত ও গালিগালাজ করেন।

এ বিষয়ে জানতে রাজারহাট উপজেলা বিএনপির আহ্বায়ক আনিছুর রহমান বৃহস্পতিবার সন্ধ্যায় মুঠোফোনে জানান, চিঠি পেয়েছি যথা সময়ে ব্যাখ্যা দিয়ে দিবো।যেহেতু ব্যাখ্যা চাইছে দিবো।

জামায়াত বিএনপি আহ্বায়ক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 13:27

URL: https://www.timestodaybd.com/public/rangpur/1736775807